***কুইন্স এডুকেশন্যাল টেকনোলজি প্রোগ্রাম-এর মূল্যায়নে অংশগ্রহণের জন্য পিতামাতার সম্মতি জ্ঞাপন***

প্রিয় পিতামাতা,

আপনার সন্তানের স্কুল বর্তমানে একটি ডিস্ট্রিক্টভিত্তিক কর্মসূচিতে অংশ নিচ্ছে যাতে শিক্ষার্থীদেরকে আরও সহজে শিখতে সহায়তা করার জন্য শিক্ষকগণ কমপিউটার এবং অন্যান্য প্রযুক্তি ব্যবহার করতে পারেন। এই কর্মসূচিটি কাজ করছে কি না এবং কীভাবে এটিকে উন্নত করা যায়, তা জানায় সহায়তা করার জন্য 'ReLearning Curve' এই কর্মসূচি সম্পর্কে তথ্য সংগ্রহ করছে। এই কাজটি সাফল্যের সাথে করতে হলে আমাদের জানতে হবে শিক্ষার্থীরা স্কুল বছর জুড়ে কীভাবে কমপিউটার ব্যবহার করছে এবং ইংরেজি ভাষা শৈলীতে তারা অগ্রগতি সম্পর্কিত তথ্য জানতে হবে।

আমরা ক্লাস অনুযায়ী শিক্ষার্থীদের ইংরেজি ভাষা শৈলীর স্কোর পর্যালোচনা করবে। স্কোরের সাথে কোন শিক্ষার্থীর নাম থাকবে না। এটি আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক অবস্থান কিংবা স্কুল কর্মসূচি অথবা কর্মকাণ্ডে অংশগ্রহণের ক্ষেত্রে কোনভাবেই প্রভাব রাখবে না।

স্কুল চলাকালে তারা কীভাবে কমপিউটার ব্যবহার করেছে, কর্মসূচির শুরু ও শেষে সে বিষয়ে একটি সংক্ষিপ্ত সমীক্ষা পূরণ করতে বলা হবে। এই তথ্য আমাদের প্রতিবেদনের জন্য ব্যবহার করা হবে এবং তা স্কুলগুলোকে প্রযুক্তি সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে। আপনার সন্তানের শিক্ষক ২০১০ সালের সেপ্টেম্বর/অক্টোবর মাসে একবার এবং আরেকবার ২০১১ সালের জুন মাসে প্রশ্নমালা দেবেন। এতে প্রায় ২৫টি প্রশ্ন থাকবে এবং আপনার সন্তানকে তার জবাব দিতে ১৫ মিনিটের সমতো সময় রাগবে।

***এতে অংশগ্রহণ করা ঐচ্ছিক।*** আপনার সন্তানের কাছে জানতে চাওয়া হবে সে সমীক্ষায় অংশগ্রহণ করতে আগ্রহী কি না এবং সে এতে সম্মতি দিতে বা প্রত্যাখ্যান করতেও পারবে। সমীক্ষাটি হবে নামহীন, অর্থাৎ সমীক্ষায় কোন নাম ব্যবহার করা হবে না কিংবা ফরমে কোন নাম সংযুক্ত থাকবে না। আপনার সন্তান এই সমীক্ষায় যদি অংশ না নেয়, তাহলে তার কোন শাস্তি হবে ন।

এ সমীক্ষায় অংশগ্রহণের কোন প্রত্যাশিত ঝুঁকি নেই। সমীক্ষার প্রশ্নগুলোতে আছে শিক্ষাগত অভিজ্ঞতার কথা, কোন ব্যক্তিগত, সামাজিক, আবেগজনিত কিংবা বাড়ির অভিজ্ঞতা সম্পর্কিত বিষয় নেই। এর থেকে যে উপকার প্রত্যাশা করা যাবে তা হলো, শিক্ষানির্দেশনাগত প্রযুক্তি ব্যবহার সম্পর্কে স্কুল উন্নততর সিদ্ধান্ত গ্রহণ করতে সক্ষম হবে যাতে শিক্ষার্থীদের অধিকতর অংশগ্রহণ সম্ভব হবে।

***আপনি আপনার সন্তানের অংশগ্রহণ বারণ করতে চাইলে*** অনুগ্রহ করে এই ফরমটি সই করে নিচে উল্লিখিত সন্তানের শিক্ষকের কাছে ফেরত দিন। ***আপনি যদি ফরম সই করে ফেরত না দেন, আমরা ধরে নেবো আপনি সন্তানের অংশগ্রহণে সম্মতি দিয়েছেন।.***

***আপনি আপনার সন্তানের অংশগ্রহণের অনুমতি দিলে*** আপনাকে কিছুই করতে হবে না। ***আপনি যদি ফরম সই করে ফেরত না দেন, আমরা ধরে নেবো আপনি সন্তানের অংশগ্রহণে সম্মতি দিয়েছেন।***

***না, আমি আমার সন্তানের অংশগ্রহণে আগ্রহী নই।*** *আমি উপরোল্লিখিত তথ্য পড়েছি এবং ইইটিটি কর্মসূচির জন্য উপাত্ত সংগ্রহে আমার সন্তানের অংশগ্রহণে* ***আমি সম্মত নই।***

| | |
|---|---|
| ***আপনার সন্তানের নাম*** | ***শিক্ষকের নাম/ক্লাস নম্বর*** |
| ***আপনার সই*** | ***তারিখ*** |

আপনার কোন প্রশ্ন থাকলে আপনি ReLearning Curve-এর গবেষক জোসেফাইন ইমবিমবো-এর সাথে (646) 330-5951 নম্বরে যোগাযোগ করতে পারেন। এছাড়াও প্রযুক্তি সমীক্ষা সম্পর্কে কোন প্রশ্ন থাকলে আপনি সন্তানের শিক্ষকের কাছেও প্রশ্ন করতে পারেন।